

# নিষেধাজ্ঞা অমান্য করে ইবিতে ছাত্রলীগের মিছিল

পুলিশের বাধা গাড়ি চলাচল বন্ধ

ইসলামাবাদ বিশ্ববিদ্যালয়ের প্রতিবিধি

ইসলামাবাদ বিশ্ববিদ্যালয়ে বুধবার নিষেধাজ্ঞা অমান্য করে মিছিল সন্মিলন করেছে ছাত্রলীগ। বেলা সাড়ে ১১টার দিকে প্রধানমন্ত্রীর সাউথ সাউথ পুরচারের আদেশ মিছিল করতে চাইলে পুলিশ তাদের বাধা দেয়। এ সময় ছাত্রলীগের নেতাকর্মীরা পুলিশের ওপর চড়াও হলে পুলিশ তাদের ছত্রভঙ্গ করে দেয়। এদিকে ছাত্রলীগের মিছিল পুলিশের বাধা দেয়ার প্রতিবাদে সংবাদ সংগ্রহন করেছে ইবি নামা ছাত্রলীগ। এদিকে ক্যাম্পাসে গাড়ি না নিতে কুটিয়া-খিনাইদহ পরিবহন মাসিক সমিতিতে হুমকি দেয় চাকরি প্রত্যাশীরা। এতে ক্যাম্পাসের গাড়ি চলাচল বন্ধ হয়েছে। প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্রে জানা যায়, দারিদ্রা বিমোচনে অবদানের জন্য স্বীকৃতি স্বরূপ প্রধানমন্ত্রীর সাউথ সাউথ পুরচার পাওয়ার নিষেধাজ্ঞা অমান্য করে ক্যাম্পাসে আনন্দ মিছিল করেছে ছাত্রলীগ। বুধবার বেলা ১১টার দিকে ছাত্রলীগের ইবি নামা আহ্বায়ক শাহীম খান, বৃন্দ আহ্বায়ক আবুলকার গিকরি গাফফার ও শাহনের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক থেকে আনন্দ মিছিল বের হয়। মিছিলটি বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক থেকে শুরু হয়ে ক্যাম্পাসের ভেতর প্রবেশ করলে, চাইলে পুলিশ তাদের বাধা দেয়। বাধা অমান্য করে মিছিলটি ক্যাম্পাসের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মিছিলসংকটে প্রশাসন ভবনে প্রবেশ করতে চাইলে পুলিশ তখন আবারও বাধা দেয়। এতে ছাত্রলীগের নেতাকর্মীরা পুলিশের ওপর চড়াও হলে পুলিশের সঙ্গে হাতাহাতিতে লিপ্ত হয়। এ সময় পুলিশ তাদের ছত্রভঙ্গ করে দেয়। পরে পুলিশের বাধায় প্রশাসন ভবনে প্রবেশ করতে না পেরে তারা সর্বশক্তি সমাবেশের মধ্যস্থিত্রে আনন্দ মিছিল শেষ করে। এদিকে আনন্দ মিছিল, বাধা ও নেতাকর্মীদের ওপর হামলার প্রতিবাদে বেলা পৌনে একটার দিকে বিশ্ববিদ্যালয়ের প্রেস কক্ষের সংবাদ সংগ্রহন করেছে ইবি নামা ছাত্রলীগের আহ্বায়ক কমিটি। সংবাদ সংগ্রহনে ছাত্রলীগের আহ্বায়ক শাহীম খান বলেন, প্রধানমন্ত্রী পুরস্কৃত হওয়ার সংবাদে আমরা ক্যাম্পাসে আনন্দ মিছিল বের করেছিলাম। কিন্তু পুলিশ মিছিলে বাধা দিয়েছে এবং আমাদের নেতাকর্মীদের ওপর হামলা চালায়ছে। এতে আমাদের কয়েকজন নেতাকর্মী আহত হয়েছেন। এছাড়া মিছিলের জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসনের কারে অনুমতি নেয়া হয়েছিল বলে তিনি সাংবাদিকদের

জানান।

এদিকে বিশ্ববিদ্যালয়ের প্রচীর প্রবেশের উদ্দেশ্যে ছাত্রলীগের ছেলেদের বন্দন, ছাত্রলীগ তাদের কর্মসূচির ব্যাপারে আনন্দ ক্লাবে কোনো অনুমতি নেয়নি। নিষেধাজ্ঞা হতেও তারা ক্যাম্পাসে মিছিল করেছে। বিষয়টি নিয়ে আমরা বিশ্ববিদ্যালয় প্রশাসন আলোচনায় বসব। তারপর একটি সিদ্ধান্ত নেয়া হবে।